পেঁয়াজের খুচরা মূল্য কেজি প্রতি আড়াই’শ টাকা

পেঁয়াজের রেকর্ড মূল্যবৃদ্ধিতে দিশেহারা সাধারণ মানুষ। বাজার নিয়ন্ত্রণে সংশ্লিষ্টদের ব্যর্থতায় চরম ক্ষুব্ধ তারা। অনেকে পেঁয়াজ না কিনেই ফিরছেন বাজার থেকে।

খুচরা পর্যায়ে প্রায় সবখানেই পেয়াজের কেজি আড়াই’শ টাকার বেশি। শুক্রবার থেকে ঘণ্টায় ঘণ্টায় পরিবর্তন হচ্ছে দর। পাইকারী বাজারেই পেঁয়াজের দাম ঠেকেছে ২৩০-৪০ টাকায়।

অথচ একদিন আগেও ছিলো ১৮০ টাকা।

বিক্রেতারা বলছেন, সরবরাহ একেবারেই কম তাই পেয়াজের দাম বেশি।

এদিকে দাম নিয়ন্ত্রণে বিভিন্ন বাজারে অভিযান অব্যাহত রেখেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। সংকট মোকাবেলায় রোববার থেকে কার্গো উড়োজাহাজে পেঁয়াজ আমদানির কথাও জানিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়।